দর্শনা প্রেসক্লাবের ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

পবিত্র মাহে রমজান উপলক্ষে চুয়াডাঙ্গার দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমতির আয়োজনে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সন্ধ্যায় দর্শনা কেরুজ চিনিকলের অফিসার্স ক্লাবে সুধিজনদের নিয়ে এ ইফতার পার্টি অনুষ্ঠিত হয়।

এ সময় অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি ও সাবেক জেলা পরিষদের প্রশাসক মাহফুজুর রহমান মনজু, জেলা ওয়ার্কাস পাটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা সৈয়দ মজনুর রহমান, কেরুজ চিনিকলের মহা-ব্যাবস্থাপক (প্রশাসন) শেখ মোঃ শাহাব উদ্দীন, দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এ,এইস,এম লুৎফুল কবীর, দামুড়হুদা থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ, জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল খালেক, পারকৃষ্ণপুর মদনা-ইউপি চেয়ারম্যান এস,এ,এম জাকারিয়া আলম, কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি তৈয়ব আলী, হাফিজুল ইসলাম, দর্শনা গণউন্নয়ণ গ্রন্থাগারের প্রতিষ্ঠাতা কবি ও সাহিত্যিক আবু সুফিয়ান, দর্শনা থানা যুবদলের সচিব জালাল উদ্দীন। এসময় সাংবাদিকদের মধ্য উপস্থিত ছিলেন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, সাধারণ সম্পাদক এস,এম ওসমান, সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাংবাদিক সমিতির সহ-সভাপতি জাহিদুল ইসলাম, প্রেসক্লাবের সহ-সম্পাদক মনিরুজ্জামান সুমন, ক্রীড়া সম্পাদক রাজিব মল্লিক, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল, ইকরামুল হক পিপুল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন, সদস্য মাসুম বিল্লাহ, হাসমত আলী, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ আহমেদ রয়েল, আবজালুল হক বাদল, আ. হান্নান, আবিদ হাসান রিফাত, ফরহাদ হোসেন, ইয়াছিন আরাফাত জুয়েল প্রমুখ। ইফতারের আগে দোয়া অনুষ্ঠিত হয়।

জীবননগর আ.লীগ নেতার নেতৃত্বে চলছে মাটি কাটার মহোৎসব

জীবননগরে কোন ভাবেই থামছে না ফসলি জমির মাটি ও ভৈরব নদী খননের মাটি বিক্রির মহোৎসব। বন ও পরিবেশ আইন অমান্য করে রাজনৈতিক প্রভাবশালীদের ছত্রছায়ায় একটি চক্র দেদারছে মাটি কেটে বিক্রি করলেও তেমন কোন পদক্ষেপ নেই সংশ্লিষ্ট বিভাগীয় প্রশাসনের।

স্থানীয় প্রশাসন মাঝে মধ্যে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে জরিমানা আদায় করলেও তা আমলে নিচ্ছেন না মাটি ব্যবসায়ীরা। আর বিভিন্ন স্থানে মাটি সরবরাহে রয়েছে ট্রাক। মাটিবাহী এসব ভারী যানবাহনের বেপরোয়া চলাচলে পৌরসভা ও ইউনিয়নের বিভিন্ন এলাকায় গ্রামীণ রাস্তাঘাট ভেঙ্গে গেছে।

নদীর মাটি খেকো ও মাটি বেপারীদের বেপরোয়া কর্মকান্ডে সাধারণ মানুষের মধ্যে চাপা ক্ষোভ ও অসন্তোষ থাকলেও প্রভাবশালীদের ভয়ে কেউ প্রতিবাদ করার সাহস পায় না।

উপজেলার বিভিন্ন এলাকা ঘুরে দেখা গেছে, আইন অমান্য করে এস্কেভেটর দিয়ে দিবা-রাত্রি চলছে ফসলি জমির মাটি ও ভৈরব নদী খননের মাটি বিক্রির মহোৎসব। ভৈরব নদী খননের ছোট বড় ৮-১০ এস্কেভেটর দিয়ে নিজেদের মন মত স্থানে যেয়ে কাটা হচ্ছে মাটি।

৪০ থেকে ৫০টি ট্রাক্টরযোগে এসব মাটি তোলা হচ্ছে। জেলা প্রশাসনের নিকট থেকে এই চক্রটি বিভিন্ন স্কুল কলেজ, মসজিদ, মাদরাসা, ঈদগায় মাটি দেয়ার দোহাই দিয়ে উপজেলার সবর্ত্র দাপিয়ে বেড়াচ্ছে কয়েকটি মাটি কাটার সিন্ডিকেট।

উপজেলার বিভিন্ন স্থানে ছোট-বড় খালখন্দ, বাড়িঘর নির্মাণে ভরাটের কাজে আর মাটির বেশির ভাগ ব্যবহৃত হচ্ছে উপজেলার মনোহরপুর ইউনিয়নের মা-বাবা ইট ভাটা, সীমান্ত ইউনিয়নের মোল্লা ইট ভাটা, ভিভি, বাকা ইউনিয়নের এন,বি,এম ইট ভাটা।

উপজেলার মনোহরপুর,আন্দুলবাড়িয়া,বাকার মরা নদী পুণ খননের মাটি কেটে ট্রাক দিয়ে এসব ভাটায় ইট প্রস্তুতের জন্য মাটি জমা করা হচ্ছে।

এলাকাবাসীর অভিযোগ, গ্রামীণ পাকা সড়ক দিয়ে প্রতিদিন শত শত মাটির ট্রাক চলাচলের কারণে সড়ক নির্মাণের দুই/এক বছরের মধ্যে তা ভেঙে যেতে শুরু করেছে এবং রাস্তা দিয়ে চলাচলের অনুপযোগী হয়ে পড়ছে। সড়কে দ্রুত গতির বালু ও মাটিবাহী গাড়িগুলোর কারণে ক্ষতিগ্রস্ত হচ্ছে ব্যবসায়ীরা ও চলাচলে অসুবিধায় পড়ে স্কুলগামী কোমলমতি শিক্ষার্থীরা।

মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও ইউপি সদস্য মোঃ গোলাম রসুল বলেন,আমি কোন মাটি কাটা সিন্টিকেটের সাথে জড়িত না। আমি শুধু মাত্র মনোহরপুর হাইস্কুল,কবর স্থান,ঈদগা মাঠে মাটি দিয়েছি। এখানে কোন আর্থিক লেনদেন হয়নি বা করিনি। আর আমি কারও কাছ থেকে টাকা গ্রহন করিনি। যারা এ কথা বলেছে তারা আমার উপর শত্রুতা করে বলেছে।

মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো.সোহরাব হোসেন খান বলেন, ভৈরব নদী খনন হচ্ছে এটা আসলেই একটা মহতী কাজ নদী খননের মাটি বিক্রির বিষয়ে আমি শুনেছি কিন্তু কারা এই সিন্টিকেটের সাথে জড়িত এটা আমি জানি না ।

জীবননগরন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আরিফুল ইসলাম বলেন, ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে মাটি কাটা বন্ধ করার চেষ্টা চালিয়ে যাচ্ছি। এ ব্যাপারে সকল শ্রেণী-পেশার মানুষের সহযোগিতা প্রয়োজন।

গাংনীতে বিএনপির ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)র গাংনী উপজেলা ও পৌর শাখার উদ্যোগে পবিত্র রমজান উপলক্ষে ইফতার ও দোয়ার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা ও পৌর বিএনপি কার্যালয়ে শুক্রবার সন্ধ্যায় ইফতার ও দোয়ার মাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া ও ইফতার পূর্ব সংক্ষিপ্ত

আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি শিল্পপতি জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির ১ নং যুগ্ম সাধারণ সম্পাদক ও সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল, জেলা বিএনপির সাংগাঠনিক সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান জুলফিকার আলী ভূট্টো, জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান গাড্ডু, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপির সহসভাপতি শহিদুল ইসলাম নাসির, গাংনী উপজেলা বিএনপি সাংগাঠনিক সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান, রাইপুর ইউনিয়ন বিএনপি আহবায়ক ও সাবেক ইউপি চেয়ারম্যান আলফাজ উদ্দিন কালু, গাংনী পৌর বিএনপি সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা , মেহেরপুর জেলা যুবদলের সিনিয়র সহ সভাপতি আব্দাল হক, সাধারণ সম্পাদক কাউছার আলী, পৌর বিএনপির সাবেক ভারপ্রাপ্ত সভাপতি ইনসারুল হক ইনসু, গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস, সদস্য সচীব জাহিদুল ইসলাম, গাংনী উপজেলা ছাত্রদলের আহবায়ক সাজেদুর রহমান বিপ্লব, ছাত্রনেতা শাহিবুল ইসলাম প্রমুখ।

সংক্ষিপ্ত আলোচনা শেষে বিএনপির চেয়ারপার্সন ও সাবেক প্রধান মন্ত্রী বেগম খালেদা জিয়া, সিনিয়র সহসভাপতি তারেক রহমান, কারাবরণকারী নেতৃবৃন্দ সহ দেশ ও মানুষের কল্যাণ কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়। ইফতার ও দোয়ার মাহফিলে বিএনপি, যুবদল, সেচ্চাসেবকদল, ছাত্রদলের স্থানীয় নেতা কর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে আল মাদরাসাতুল আরাবিয়া দারুল সুন্নাহ

মাদ্রাসার উদ্যোগে ইফতার মাহফিল

মেহেরপুরে আল মাদরাসাতুল আরাবিয়া দারুল সুন্নাহ মাদ্রাসার উদ্যোগে ইফতার মাহফিলের আয়োজন করা হয়েছে।

শুক্রবার মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নের দক্ষিণ শালিকা গ্রামের আল মাদরাসাতুল আরাবিয়া দারুল সুন্নাহ মাদ্রাসায় এ ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

বিশিষ্ট ব্যবসায়ী প্রবাসী জুয়েল আহমেদের আর্থিক সহযোগিতা ইফতার মাহফিলে উপস্থিত ছিলেন, মাদ্রাসার জমিদাতা মোঃ জাব্বারুল ইসলাম, মাদ্রাসার ইমান মোঃ আসরাফুল ইসলাম, শিক্ষক মোঃ শাহাবুল ইসলাম, বিশিষ্ট ব্যবসায়ী মেহেদি হাসান সহ মাদ্রাসার শিক্ষার্থী ও শিক্ষকগণ।

গাংনীতে আদালতের পরোয়ানাভূক্ত ৯ আসামী গ্রেফতার

বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত পলাতক ৯ জন আসামীকে অভিযান চালিয়ে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।
বৃহস্পতিবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ শুক্রবার (২২ এপ্রিল) ভোররাত পর্যন্ত গাংনী উপজেলার পৃথক গ্রামে অভিযান চালিয়ে এসব পরোয়ানাভূক্ত পলাতক আসামীদের গ্রেফতার করা হয়।
গ্রেফতারকৃতরা হলেন, গাংনী থানা পাড়া এলাকার সিদ্দিকুর রহমানের ছেলে লিটন হোসেন, চিৎলা গ্রামের মৃতু ইউনুছ আলীর ছেলে হায়দার আলী ও সাদ্দাম হোসেন,
চরগোয়ালগ্রামের মৃত আমজাদ আলীর ছেলে আরশেদ আলী ও তার ছেলে সাদ্দাম হোসেন, একই গ্রামের আব্দুল মালেকের ছেলে শওকত আলী, কামারখালি গ্রামের আব্দুল কালেকের ছেলে ইব্রাহিম হোসেন, বালিয়াঘাট গ্রামের জমির উদ্দীনের ছেলে নাহারুল ইসলাম ওরফে লাল্টু

এবং ভরাট গ্রামের সৈয়দ আলীর ছেলে মোজাম্মেল হক।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) আতিকুর রহমান, এসআই নুহু নবী, এসআই শাহিনুজ্জামান, এসআই জহির রায়হান, এসআই আব্দুল মজিদ, এসআই শরীফ হাবিব,এএসআই আশরাফ, এএসআই সোহেল রানাসহ সঙ্গীয় ফোর্স পৃথক ভাবে পরিচালিত গ্রেফতার অভিযানে অংশ নেন।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, জমি জমি সংক্রান্ত বিরোধ, স্ত্রীর দায়ের করাসহ অন্যান্য মামলায় আদালত গ্রেফতারকৃতদের বিরুদ্ধে পরোয়ানা জারি করে। আদালত থেকে আদেশ প্রাপ্ত হয়ে গাংনী থানাপুলিশের একাধিক আভিযানিক দল পৃথক অভিযান চালিয়ে এসব আসামীদের গ্রেফতার করে।
আজ শুক্রবার (২২ এপ্রিল) বেলা সাড়ে ১২ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে দুস্থ মানুষের মাঝে চাল ও আলু বিতরণ করলেন বিএনপি নেতা মেঘলা

ঈদুল ফিতর উপলক্ষে গরিব, দুস্থ ও অভাবী শতাধিক মানুষের মাঝে ঈদ সামগ্রী চাল ও আলু বিতরণ করলেন গাংনী পৌর বিএনপির সাধারণ সম্পাদক তরুণ রাজনীতিবিদ মকবুল হোসেন মেঘলা।

আজ শুক্রবার (২২ এপ্রিল) সকাল সাড়ে ৭ টার সময় মকবুল হোসেন মেঘলার গাংনী উপজেলা শহরের নিজ বাড়ি বাড়িতে এ ঈদ সামগ্রী বিতরণ করেন।

গাংনী কেন্দ্রীয় মসজিদের ইমাম মাওলানা রুহুল আমিন প্রধান অতিথি ও গাংনী বাজার কমিটির সভাপতি মাহাবুবুর রহমান স্বপন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে ঈদ সামগ্রী গরিব, দুস্থ ও অভাবী মানুষের হাতে তুলে দেন।

মকবুল হোসেন মেঘলা বলেন, পবিত্র ঈদের আনন্দ ভাগাভাগি করে নিতেই

আমার ব্যাক্তিগত উদ্যোগে অসহায় মানুষের জন্য আমার সামান্য উপহার।আমাদের সমাজের গরিব, দুস্থ ও অভাবী মানুষদের পাশে দাঁড়ানোর জন্য সমাজের বিত্তবানদের এগিয়ে আসা উচিৎ।

উল্লেখ্য, মকবুল হোসেন মেঘলা পৌর শহরের প্রায় ১১০ জন গরীব, অসহায় দুস্থ মানুষের মাঝে ১০ কেজি করে চাল ও ৫ কেজি আলু প্রদান করেন।

মেহেরপুরে বিদ্যুৎপৃষ্ট হয়ে রাজমিস্ত্রির মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামে বিদ্যুৎপৃষ্ট হয়ে আলফাজ আলী (৫৫) নামের এক রাজমিস্ত্রির মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার একই গ্রামের হাফিজের বাড়ীতে রাজমিস্ত্রীর কাজ করার সময় বিদ্যুৎপৃষ্ট হয়ে মৃত্যুবরন করে।

আলফাজ আলী একই গ্রামের হঠাৎপাড়ার মৃত হিয়াৎ আলীর ছেলে। জানা গেছে আলফাজ আলী পেশায় একজন রাজমিস্ত্রি। প্রতিদিনের ন্যায় বৃহস্পতিবার গ্রামের হাফিজের বাড়িতে কাজ করছিলেন।

কাজের সময় অসাবধনতাবশত বিদ্যুৎপৃষ্ট হয়ে মৃত্যুবরন করেন। আলফাজ আলীর মৃত্যুতে তার পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

জীবননগরে সামাজিক সমস্যা নিরসন

শীষক কর্মশালা অনুষ্ঠিত

জীবননগরে সন্ত্রাস, জঙ্গিবাদ, সামাজিক সমস্যা নিরসন শীষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে জীবননগর ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠিতা সন্ত্রাস ও জঙ্গিবাদ এবং সামাজিক সমস্যা নিরসন শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়।

জীবননগর ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার মোঃ আব্দুল হাকিমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহি অফিসার মোঃ আরিফুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ আব্দুস সালাম ইশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকি, জীবননগর থানার ওসি অপারেশন মাহবুবুর রহমান।

সিনিয়র উপজেলা মৎস্য কমকতা মোহাম্মদ দীন ইসলামসহ অনুষ্ঠানে জীবননগর উপজেলার আলেম ও ইমামগণ উপস্থিত ছিলেন।

জীবননগরে বাল্য বিবাহ প্রতিরোধ বিষায়ক মতবিনিময় সভা

জীবননগরে শিক্ষার্থীদের নিয়ে বাল্য বিবাহ প্রতিরোধ বিষায়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে বাংলাদেশ বেতারের আয়োজনে জীবননগর উপজেলা পরিষদের হলরুমে বাল্য বিবাহ প্রতিরোধে সচেতনতা মূলক অনুষ্ঠান তারুণ্যের কণ্ঠ অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ বেতারের উপস্থাপক সজীব দত্তের সভাপতিত্বে এ সময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ আরিফুল ইসলাম।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর সরকারি আদর্শ মহিলা ডিগ্রী কলেজের প্রভাষক মামুনুজ্জামান,দৈনিক সমকাল পত্রিকার

প্রতিনিধি কাজী শামসুর রহমান চঞ্জল,মাই টিভির প্রতিনিধি মিঠুন মাহমুদ ।

অনুষ্ঠানে বাল্য বিবাহ প্রতিরোধ বিষায়ক বক্তব্য রাখেন, জীবননগর সরকারি আদর্শ মহিলা ডিগ্রী কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্রী রাবেয়া খাতুন, সানজিদা আক্তার, সাদিয়া তাসমিম, জান্নাতুল মাওয়া এবং জীবননগর ডিগ্রী কলেজের ছাত্র রিয়াদ হাবিব।

উল্লেখ্য অনুষ্ঠানটি গত ৭বছর ধরে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আই,ই,এম ইউনিটের আর্থিক সহযোগিতায় জনসংখ্যা স্বাস্থ্য ও পুষ্ঠি সেল বাংলাদেশ বেতার সারাদেশে আয়োজন করে চলেছে।

গাংনী শহরে মাদকাসক্ত স্বামীকে টাকা না দেওয়ায় মারধর। স্ত্রীর বিষপান

গাংনী উপজেলা শহরের উত্তরপাড়া এলাকায় মাদকাসক্ত স্বামীর সাথে টাকা পয়সা নিয়ে ঝগড়ার জের ধরে স্ত্রী শান্তনা খাতুন (২৫) বিষপান করে আত্মহত্যার চেষ্টা চালিয়েছেন।

শান্তনা খাতুন গাংনী উপজেলা শহরের উত্তরপাড়া এলাকার শ্যামলী পরিবহণ বাসের হেলপার সবুজ আহম্মেদের স্ত্রী।
বৃহস্পতিবার বিকালের দিকে নিজ বাড়িতে বিষপান করেন তিনি।

পরিবারের লোকজনের সামনেই বিষপান করেন এই গৃহবধু। পরে মূমূর্ষ অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (স্যাকমো) সোহাগ আহম্মেদ জানান বর্তমানে তার অবস্থা আশংকামুক্ত। হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা সেবা দেওয়া হচ্ছে।

পরিবারের লোকজন জানান, বিকালের দিকে মাদকাসক্ত স্বামী সবুজ আহমেদ ২০ টাকা দাবী করেছিল স্ত্রী শান্তনা খাতুনের কাছে। শান্তনার কাছে এক শ টাকার নোট থাকায় সে টাকা দিতে পারেনি।

টাকা না পেয়ে সবুজ তার কাছে থাকা একটি এন্ড্রয়েট ফোন আঁচড়ে ভেঙ্গে ফেলে। এতে স্বামী স্ত্রীর মধ্যে শুরু হয় ঝগড়া। পরে স্ত্রীকে মারধর করে সবুজ আহম্মেদ।

মারধরের জের ধরে ঘরে থাকা ঘাঁস মারা বিষপান করে আত্মহত্যার চেষ্টা করেন স্ত্রী শান্তনা খাতুন।